আজকের কাগজ

0 9 DEC 1991

তারিখ 9 DEC 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম 1

176

৩৪

# চঃ বিঃ শিক্ষকেরা ১৪ ডিসেম্বর পর্যন্ত ক্লাস বর্জন করবেন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা তাদের ক্লাব বর্জন কর্মসূচি ১৪ ডিসেম্বর বাড়িয়েছেন। গতকাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক সংবাদ সম্মেলনে একথা জানান। খবর জেলা প্রতিনিধির পাঠানো।

সংবাদ সম্মেলনে শিক্ষকেরা বলেন, ১৪ ডিসেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত না করা হলে বৃহত্তর কর্মসূচির ঘোষণা দেয়া হবে। তারা জানান, গত ২২ ডিসেম্বরের ঘটনার পর থেকে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোয় ইসলামী ছাত্র শিবিরের অব্যাহত সন্ত্রাসের ফলে এখন ছাত্র শিবিরের কর্মী ছাড়া বিশ্ববিদ্যালয়ে অন্য সংগঠনের কর্মীরা কার্যতঃ নেই।

তারা আরো অভিযোগ করেছেন যে, বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস দমনে সরকার ও বিরোধীদলের কাছে বেশ কয়েক দফা আবেদনের পরও কোনো পক্ষই সে আবেদনে সাড়া দেয়নি। এমনকি সন্ত্রাস সম্পর্কিত সাব কমিটি বলেছে, আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস নিয়ে ব্যস্ত